R. N. No. 2532/57 Ph.: 66228 (P.), 67228 (Resi.)/STD 03483 P. Regd. No. Tech./WB/RNP 214/2002

মার্বেল সেণ্টার
প্রযত্নে—উল ভাণ্ডার
রঘুনাথগঞ্জ ফুলতলা
( রাজা মার্কেট )
মার্বেল, গ্লেজড টালি, কাঁচ,
প্লাই, পাম্প, মোটর, পাইপ ও
SINTEX দরজা সরবরাহকারী
ফোন : ৬৬৩৯৯

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৯শ বর্ষ
১৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১লা আশ্বিন, বুধবার, ১৪০৯ সাল।
১৮ই সেপ্টেম্বর, ২০০২ সাল।

নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক : ৫০ টাকা

## সন্ধ্যে রাতে ধুলিয়ান বাজারে দুই ব্যবসায়ীর গদিতে দুষ্কৃতীদের হামলা, প্রতিবাদে ব্যবসায়ীদের থানা অবরোধ

নিজস্ব সংবাদদাতা : সামসেরগঞ্জ থানার ধুলিয়ান বাজার এলাকায় গত ৯ সেপ্টেম্বর সন্ধ্যে ৭-৩০ নাগাদ দুই ব্যবসায়ীর গদিতে হামলা চালিয়ে দুষ্কৃতীরা প্রায় লক্ষাধিক টাকা লুঠ করে নিয়ে যায়। জানা যায় ঐ দিন ৬ নম্বর ওয়ার্ডের প্রতিবন্ধী পাট ব্যবসায়ী দেবকী আগরওয়ালার গদিতে হানা দিয়ে কয়েকজন দুষ্কৃতী ৪৫,৭০০ টাকা হাতিয়ে নেয়। এছাড়া ওখানে অপেক্ষারত মালদার জনৈক ট্রান্সপোর্ট ব্যবসায়ী পরেশ ঘোষের কাছ থেকে ২৫,০০০ টাকা ছিনিয়ে নেয়। দুষ্কৃতীরা ওখান থেকে বার হয়ে ঐ ওয়ার্ডের হরিসভা এলাকার মুদি ব্যবসায়ী নিতাই দাসের দোকানে চড়াও হয়ে সেখান থেকে ৩০০০ টাকা লুঠ করে বোমা ফাটিয়ে প্রকাশ্য রাস্তা দিয়ে হেঁটে চলে যায়। এর আগে গত ৩১ আগষ্ট ধুলিয়ান হিন্দু মিলন মন্দিরের কাছে রাত ১০টা নাগাদ ওখানকার পান মশলা ও জর্দার পাইকারী ব্যবসায়ী রতন দাস সাইকেলে বাড়ী ফেরার পথে ছিনতাইকারীদের খপ্পরে পড়েন। বোমা ফাটিয়ে রাস্তা আটকিয়ে ছিনতাইকারীরা তাঁর কাছ থেকে ছয় হাজার টাকা ছিনতাই করে নিয়ে পালায়। শহরের মধ্যে ঘন ঘন এই ধরনের ডাকাতি ও ছিনতাই-এ পুলিশী নিষ্ক্রিয়তার প্রতিবাদে ( শেষ পৃষ্ঠায় )

## আইনকে বুড়ো আঙুল দেখিয়ে বিদ্যুৎ চুরি চলছেই

নিজস্ব সংবাদদাতা : রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকে সম্প্রতি বিদ্যুৎ চোরদের উদ্দেশ্যে নতুন নতুন আইনের ধারা ও শাস্তির ভয়াবহতার কথা উল্লেখ করে পত্র পত্রিকায় প্রচার শুরু হয়েছে। শহর গ্রামে বিদ্যুৎ চোর ধরতে মাঝে মধ্যে অভিযানও চালানো হচ্ছে। এর ফলে বিদ্যুৎ চুরির বেপরোয়া দাপট কিছুটা কমলেও হুকিং চলছেই। সামসেরগঞ্জ থানা এলাকার কাঁকুড়িয়া, চাচন্ড, বাসুদেবপুর, নিমতিতা, কামালপুর, চাঁদপুর এলাকায় আজও বিদ্যুৎ কর্মীদের সহায়তায় হুকিং করে ভিডিও, চাকী মিল, শালপাতার থালা তৈরীর কারখানা চালু আছে। মাঝে বহরমপুর থেকে বিদ্যুৎ পর্ষদের একটি দল লোকাল পুলিশের সাহায্য নিয়ে কয়েকটি শালপাতার থালা তৈরীর মেসিনপত্র সীজ করে নিয়ে যায় ও একজন এম, আর ডিলারকে বিদ্যুৎ চুরির অভিযোগে গ্রেপ্তার করে বলে খবর। সাগরদীঘি থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন—বালিয়া গ্রাম পঞ্চায়েতের নয়ানডাঙ্গা ও কুঠিপাড়া গ্রামে হুকিং করে ব্যাপকভাবে বিদ্যুৎ ব্যবহার অব্যাহত থাকলেও দেখার কেউ নেই। প্রায়ই বিদ্যুৎ তারে দড়ি বা গাছের ডাল ফেলে পরিষেবা অচল করে দিচ্ছে একদল সমাজবিরোধী। এর ফলে গ্রামাঞ্চলের ধান ও গম পেষাই মিলগুলো বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই প্রসঙ্গে আরো ( শেষ পৃষ্ঠায় )

## ট্রেকারের মাথায় যাত্রী পরিবহন চললেও দেখার কেউ নেই

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর বাসষ্ট্যান্ড থেকে বিভিন্ন অঞ্চলে যাতায়াতে বাস ছাড়াও ট্রেকার সারভিস চালু আছে। এতে দ্রুত যাতায়াতে সুবিধা থাকলেও যাত্রীবহনের পদ্ধতি ভীতিকর হয়ে দাঁড়িয়েছে। এমনিতেই ট্রেকারের ভিতরে যাত্রীদের ঠাসাঠাসিতে দম বন্ধ হবার উপক্রম হয়। তার উপর বিপদের ঝুঁকি নিয়ে ছাদেও লোক বসানো চলছে। কয়েক বছর আগে বাসের ছাদেও ব্যাপকভাবে লোক যাতায়াত করত। ( শেষ পৃষ্ঠায় )

## জল ও ব্রীজে কর বসছে

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর পুরসভা জঙ্গিপুর পারে পানীয় জলের উপর কর বসাতে চলেছে। যারা বাড়ীতে পরিস্রুত জলের সংযোগ ইতিমধ্যে নিয়েছেন তাদের গত এপ্রিল '০২ থেকে কর ধার্য হবে বলে নোটিশ জারী করা হয়েছে। এই মর্মে পুরসভা পুরবাসীদের নিজ নিজ হোল্ডিং এর জল ব্যবহারের সবিস্তার বিবরণ চেয়েছে। জানা যায় গত এপ্রিল থেকে কর একসঙ্গে গ্রাহকদের জমা দিতে হবে। অন্যদিকে নবনির্মিত ভাগীরথী সেতুতে কর বসানোর উদ্দেশ্যে গত ৩ সেপ্টেম্বর থেকে তিন-দিনের জন্য ২৪ ঘন্টা ধরে সেতুতে চলাচল-কারী যানবাহনের একটি পরিসংখ্যান নেয় পি ডব্লু ডি-র হাইওয়ে ডিভিসন।

বিশেষ আকর্ষণ—৪০০ থেকে ৭০০ টাকায় মুর্শিদাবাদ সিল্ক শাড়ী



মির্জাপুরের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান নিরঞ্জয় বাঘিড়া এণ্ড সন
( নিরঞ্জয় বাঘিড়া প্রথম ঘর ) (প্রোঃ নিরঞ্জয় বাঘিড়া
সব রকমের সিল্ক শাড়ী, কাঁথাষ্টিচ, তসর ও কোড়া থান, কোরিয়াল, জামদানী, জোড় এবং ব্যাঙ্গালোরের মোহিনী বর্ডার শাড়ী পাইকারী দরেই খুচরো বিক্রী করা হয়। এছাড়া ১৭৫ থেকে ২০০ টাকার মধ্যে নানা ডিজাইনের চুড়িদার পাওয়া যাচ্ছে। পরীক্ষা প্রার্থনীয়।
মির্জাপুর, পোঃ গনকর ( মুর্শিদাবাদ ) ফোন : এসটিডি ০৩৪৮৩ / ৬২১২৯

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১লা আশ্বিন বুধবার, ১৪০৯ সাল।

## ॥ ডাকাতিতে জেরবার ॥

গত ৯ সেপ্টেম্বর সোমবার সন্ধ্যার সময় এই মহকুমার ধুলিয়ান বাজারে একটি পাটের গুদাম ও একটি মুদিখানার দোকানে হানা দিয়া সাতজনের একটি সশস্ত্র ডাকাতদল প্রায় এক লক্ষ টাকা ডাকাতি করে বলিয়া সংবাদে প্রকাশ। অকুস্থল সামসেরগঞ্জ থানার নিকটেই। স্থানীয় ব্যবসায়ীদের সূত্রে জানা যায় যে, এই ডাকাতির জন্য সোমবার রাত্রিতেই এখানকার ব্যবসায়ীরা সামসেরগঞ্জ থানায় বিক্ষোভ প্রদর্শন করেন। উক্ত সূত্রে আরও জানা যায় যে, এই ঘটনার প্রায় সাতদিন পূর্বে ধুলিয়ান বাজারে দুইটি দোকানে দুর্বৃত্তেরা হানা দিয়া বোমাবাজি করিয়া প্রায় এক লক্ষ টাকা লইয়া চম্পট দেয়।

শুধু জঙ্গিপুর মহকুমা নহে, রাজ্যের সর্বত্র ডাকাতি আজকাল 'জলভাত' হইয়া দাঁড়াইয়াছে। বিভিন্ন ধরনের ডাকাতির বিচিত্র গতিপ্রকৃতি মানুষকে প্রতিরোধের সুযোগ দিতেছে না। ব্যাংকে বা দোকানে দুর্বৃত্তেরা গ্রাহক সাজিয়া সুযোগের সদ্ব্যবহার করে। ব্যাংক কর্মীদিগকে তালাবন্দী রাখিয়া স্ট্রংরুম হইতে টাকা লোপাট করে। দোকানেও পিস্তলের ডগায় 'কেল্লা ফতে' করিতে বেগ পাইতে হয় না। গৃহস্থের বাড়িতে পরিচারক বা পরিচারকের স্বজন বেশে আসিয়া টাকা-পয়সা-অলংকার হাতায়। কখনও বা খুন ও আহত করিয়া ডাকাতি করে। ট্রেনে-বাসে একই পদ্ধতি প্রয়োগ করা হয়। যাত্রী-নিরাপত্তা চরম অনিশ্চিত। ট্রেন-বাসের যান্ত্রিক ত্রুটিতে অথবা কর্মীদের কর্মনিষ্ঠার অভাবে যাত্রীদের প্রাণ যায়; আর প্রাণ যায় সঙ্গে যাহা কিছু থাকে, তাহা কাড়িয়া লওয়ার কারণে।

প্রাক্ স্বাধীন ভারতে ইংরাজ-জমানায় দেশে চুরি ডাকাতি হয় নাই, এমত বলা যায় না। তবে তখন পুলিশ-প্রশাসন যথেষ্ট দৃঢ় ও কর্মনিষ্ঠ ছিল। স্বাধীনতোত্তর কালে চোর-ডাকাত অনেক সময় 'অপারেশন' চালাইয়া 'মুক্তপক্ষ বিহঙ্গম' থাকে। বর্তমানে পুলিসী ব্যবস্থা ও কর্মতৎপরতা অনেক সময় যথেষ্ট সমালোচনার অবকাশ রাখে। ইহার ফলে মানুষের দুর্গতি সীমাহীন হইয়া পড়ে। রাজনৈতিক দলগুলির মধ্যে একই কারণে 'খেয়োখেয়ি' চলিতে থাকে। কিন্তু মানুষের নিরাপত্তা যে তিমিরে সেই তিমিরেই রহিয়া যায়। স্বস্তিময় নিরুপদ্রব জনজীবন এখন 'স্বপ্নো নু মায়া নু'।

সুখের কথা, খবরে প্রকাশ যে, জঙ্গিপুর মহকুমা পুলিশ আধিকারিক জানাইয়াছেন যে, মঙ্গলবার (১০/৯/০২) রাত্রিতেই ফরাক্কা ও সামসেরগঞ্জ থানা এলাকা হইতে পুলিশ চারিজন সশস্ত্র ডাকাতকে গ্রেপ্তার করিয়াছে। ইহারা ধুলিয়ান বাজারে ডাকাতির সঙ্গে যুক্ত ছিল বলিয়া জানা গেল।

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### *জঙ্গিপুর পুরসভা প্রসঙ্গে*

জঙ্গিপুর পুরসভার ২৩ আগষ্টের বোর্ড অফ কাউন্সিলারদের সভায় আলোচিত এক আর্থিক দুর্নীতির বিবরণ বেরিয়েছে আপনার পত্রিকায় ১১/৯/০২ তারিখে। জানা গেল মাননীয় পুরপ্রধান একটি তদন্ত কমিটি গঠনও করেছেন। তদন্ত ফলের জন্য পুরবাসীরা অবশ্যই সাগ্রহে অপেক্ষা করবেন। কোন রাজনৈতিক দলই সামান্য ১১৫২ টাকা নিয়ে নিশ্চয় দুর্নীতিতে জড়াবে না—তদন্তের আগেই তাঁর এই মন্তব্য! ১) তা হলে, তদন্ত কী ফল ফলাবে? ২) তা হলে, রাজনৈতিক দলের দুর্নীতি এখন অসামান্য—হাজার-বারোশতে হচ্ছে না। ৩) তা হলে যে, মাসিক ৫০০ টাকা ঠিকেতে একজন শিক্ষিত যুবক বা যুবতীকে প্রাথমিক বিদ্যালয়ে খাটানো হচ্ছে! ৪) তিনি বলেন, 'আমাদের পুরসভা রাজ্যের অনেক পুরসভা থেকে স্বচ্ছ।' তাহলে আমরা আলসারে ভুগছি, ক্যানসার নয় বলে তৃপ্ত! এই কি পঞ্চান্ন বছরের স্বাধীনতা আর পঁচিশ বছরের ফ্রন্ট জমানার অবদান!

হরিলাল দাস<br>
প্রবীণ নাগরিক, রঘুনাথগঞ্জ

(২)

### *পি সি ও বুথ প্রসঙ্গে*

গত ১৪ আগষ্ট রঘুনাথগঞ্জ দরবেশ-পাড়ার পি সিও বুথে (টেলি নং—৬৭০৭৮) স্থানীয় কল্ করি। বিলে ৬.৩০ টাকা ধার্য হয় ৫ ইউনিটের জন্য (ইউনিট পিছু ১.২৬ টাকা)। আমি ১০ টাকার নোট দিলে সংশ্লিষ্ট অপারেটর প্রতি ইউনিট ২ টাকা করে ৫ ইউনিটের জন্য ১০ টাকা নেন। আমি বিলে দেখানো ধার্য টাকার (৬.৩০) বেশী দিতে অস্বীকার করলে, অপারেটর অনেক বাক্য বিনিময়ের পর অনিচ্ছাকৃতভাবে ৩ টাকা ফেরৎ দেন। এই ঘটনা কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়, এর ভুক্তভোগী অনেকেই। সংশ্লিষ্ট বিভাগীয় কর্তৃপক্ষ ও প্রশাসনের কাছে এই অনিয়মের সুবিচার প্রার্থনা করছি।

কেশবচন্দ্র দত্ত<br>
রঘুনাথগঞ্জ ইন্দিরাপল্লী

## শিক্ষকদিবস উদ্‌যাপন

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক এবং শিক্ষক শিক্ষিকাবৃন্দ স্থানীয় পঞ্চায়েত সমিতির সভাকক্ষে গত ৫ সেপ্টেম্বর শিক্ষকদিবসের আয়োজন করেন। সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির সভাপতি আশীষ বন্দ্যোপাধ্যায়। সভায় ৮ জন অবসরপ্রাপ্ত প্রাইমারী ও ৩ জন মাধ্যমিক শিক্ষককে মানপত্র ও পুস্তক দিয়ে সম্বর্ধনা জানান হয়। অবর বিদ্যালয় পরিদর্শক প্রশান্ত দাস বলেন, শিক্ষক হিসাবে সর্বপল্লী রাধাকৃষণ মানুষের মধ্যে থাকতে চেয়েছিলেন, তাই তাঁর জন্মদিন শিক্ষকদিবস হিসাবে চিহ্নিত। এক তৃতীয় শ্রেণীর ছাত্র পীযূষ দে রাধাকৃষ্ণাণের জীবনী বর্ণনা করে। বালিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক মনমোহন মুখার্জী প্রাচীন পন্ডিতদের সঙ্গে বর্ত্তমান শিক্ষকদের পার্থক্য বর্ণনা করেন। বিডিও স্বরূপ শিকদার শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, প্রাথমিক স্তর থেকে এমন শিক্ষা দিন যাতে সাহিত্য-কলা-দর্শন-বিজ্ঞান ও কারিগরী বিদ্যায় দক্ষতা লাভ করতে পারে পড়ুয়ারা। পূর্বচক্রের অবর বিদ্যালয় পরিদর্শক উদয়নকুমার বিশ্বাস বলেন, ডঃ রাধাকৃষ্ণানকে সামনে রেখে ছাত্র, শিক্ষক ও অভিভাবক নিয়ে শিক্ষা দানে এগিয়ে চলেছি। সমাজসেবী কমলারঞ্জন প্রামাণিক বলেন ১৯৬০ খৃঃ সেপ্টেম্বরে উপরাষ্ট্রপতি রূপে রাধাকৃষ্ণণ বহরমপুরে এসেছিলেন। বহরমপুরের নাগরিকবৃন্দ তাঁকে সম্বর্ধনা দিয়েছিলেন। অনুষ্ঠানের সভাপতি বলেন, এখানে ৪৫ শতাংশ মানুষ এখনও নিরক্ষর। এদের শিক্ষাদানের দায়িত্ব নিতে হবে।

## জৈন সমাজের কৃষ্ণ জন্মাষ্টমী

নিজস্ব সংবাদদাতা : গত ৩১ আগষ্ট জন্মাষ্টমী উপলক্ষে ধুলিয়ান শ্রীদিগম্বর জৈন সমাজের উদ্যোগে এক ধর্মীয় আলোচনা সভা হয়ে গেল। সভায় উপস্থিত ছিলেন দিগম্বর জৈন সাধক শ্রী১০৮ প্রসন্ন সাগরজী মহারাজ, জঙ্গিপুরের মহকুমা শাসক পুনীত যাদব, ফরাক্কা এন টি পি সির মহা প্রবন্ধক শশীভূষণ অগ্রবাল প্রমুখ। দিগম্বর জৈন সাধক ভগবান শ্রীকৃষ্ণের জন্মবৃত্তান্ত অত্যন্ত সহজ ও সরলভাবে শ্রোতাদের মধ্যে তুলে ধরেন। উপস্থিত ব্যক্তিরা এতে অবিভূত হন। মহকুমা শাসক পুনীত যাদবকে কিছু বলার জন্য অনুরোধ করলে তিনি বলেন—জৈন সাধক হিন্দু ধর্মকে যতটা সুন্দর করে শ্রোতাদের মধ্যে প্রকাশ করেছেন, এরপর আমার বলার আর কি থাকতে পারে। আজ আমিও ধন্য।

## মূল্যবোধ ঃ আজ চর্চায় এবং চর্যায়

**সুমন পাঠক**

আজ শুধু আমাদের দেশ নয়, সমগ্র পৃথিবীটাই এক যুগ-সন্ধিক্ষণে এসে পেঁৗছেছে। ....মানুষের মনে মূল্যবোধের বিকৃতি এবং আদর্শের অবনতি ঘটেছে। চারিদিকে বাস্তবকে আড়াল করে চলার প্রবৃত্তি জেগে উঠেছে এবং জনজীবনে এক সার্বিক হিস্টিরিয়া রোগের লক্ষণ পরিস্ফুট হয়ে উঠেছে—'বিবেকানন্দ' শীর্ষক আলোচনায় একদা ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ এই কথাগুলো বলেছিলেন। মূল্যবোধ শব্দটি এখন বহু কথিত। এটা হচ্ছে সত্যানুসন্ধান বা সত্যানুরাগ। সনাতন রীতি-নীতিতে বিশ্বাস, নীতিবোধ, কর্তব্যবোধ, দায়িত্ব-বোধ। যৌথ পরিবারে সবার সাথে থেকে সুখ-দুঃখের অংশভাগী হওয়া, বয়োবৃদ্ধ প্রবীণদের প্রতি শ্রদ্ধাবোধ, জীবনে ও জীবন চর্যায় শিষ্টাচার, সৌজন্যবোধ, শালীনতাবোধ। পারিবারিক জীবন তথা সামাজিক জীবনে সম্পর্কের বন্ধন, দায়বদ্ধতা। এ সবই মূল্যবোধের বোধ বা চেতনা।

কিন্তু আজ আমরা সময়ের এমন এক পর্যায়ে এসে পেঁৗছেছি যখন আমাদের জীবন চর্চায় এবং জীবন চর্যায় সংকট ঘনীভূত। আমাদের traditional জীবন ধারায় এবং প্রচলিত মূল্যবোধের শেকড়ে ধরেছে ঘুণ, পাঁজরে ফাটল। মানুষ আমরা হারাচ্ছি মনুষ্যত্ববোধ। হয়ে পড়েছি অন্তঃসার শূন্য 'ফাঁপা মানুষ।' সঞ্চয় করছি 'বাক্য শব্দ ভাষা অনুপম বাচনের রীতি।' চর্চা এবং চর্যায় আজ দেখা যাচ্ছে বিকৃত মানসিকতা বা অপসংস্কৃতি। এর দৌরাত্ম্য সমাজ জীবনের নেপথ্যে—প্রকাশ্যে; অলিগলিতে। শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যাগিং, চলার পথে 'টিজিং'এর মত অশালীন অভব্যতা এখন নিত্যকার ঘটনা। মূল্যহীনতার যূপকাষ্ঠে আজ মূল্যবোধ বলিপ্রদত্ত।

ঊনবিংশ শতাব্দী ছিল নব জাগৃতির যুগ। সে সময় বস্তু চেতনা, বিজ্ঞান চেতনার সঙ্গে শিক্ষা ও সংস্কৃতিতেও দেখা গিয়েছিল নতুন চিন্তা ভাবনা, বোধ এবং বোধি। সে সময়ের জীবন চর্যায় বিকৃতি ও ক্ষয়িষ্ণুতা ততটা ছিল না। প্রচলিত আদর্শ সম্পর্কে তখনও সংশয় বা প্রশ্ন জাগেনি। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীর চেহারা গিয়েছে পাল্টে। বেকার সমস্যা, ভবিষ্যৎ জীবন সম্পর্কে অনিশ্চয়তা, নৈরাশ্য, হতাশা, অস্থিরতা দেখা দিয়েছে। আমাদের দেশেও ঘটেছে ক্ষমতার হাত বদল, দেশ বিভাজন। আর আমাদের সমাজ জীবনে এসে পড়েছে বিদেশী ভাবধারার প্রভাব। পারিবারিক জীবনেও ধরেছে ভাঙন। দেখা দিয়েছে প্রজন্মগত ব্যবধান। যুব সমাজের মধ্যে এসেছে সনাতন রীতি নীতিতে গভীর অবিশ্বাস। ব্যক্তি জীবন তথা সমাজ জীবনে দেখা দিয়েছে ভ্রষ্টাচার, লোভ, লালসা, দুর্নীতি, আত্মকেন্দ্রিক স্বার্থপরতা। অ জকের মানুষ হারিয়েছে চক্ষুলজ্জা। অবহেলা তাদের কর্মসংস্কৃতিতে। জীবন থেকে মুছে যাচ্ছে সুস্থ সংস্কৃতি। কেমন যেন মানসিক অবনমন চোখের সামনে প্রতীয়মান। ভোগবাদী দর্শন হয়ে উঠেছে জীবনের দর্শন। বেড়ে চলেছে আত্মপরতা। আচার আচরণে আজ যান্ত্রিকতা, কৃত্রিমতা। অবিনয় এবং অভব্যতা এখন বুঝি অগৌরবের নয়। অমৃত বচন এখন লোকাচারের অলংকার। ফিরে যেতে হয় জীবনানন্দের কবিতার ভাষায়; বলতে ইচ্ছা করে 'অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ / যারা অন্ধ, সব চেয়ে বেশি আজ চোখে দেখে তারা/যাদের হৃদয়েতে প্রেম নেই প্রীতি নেই—করুণার আলোড়ন নেই/পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।'

আর মূল্যবোধ ও সংস্কৃতি চেতনার এমন ভয়ংকর ভয়াবহ অবক্ষয়ের দিনে জীবনানন্দের কন্ঠে বেদনার্ত উচ্চারণ ঃ

'যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

## জৈন সাধকের অহিংসার বাণী প্রচারে অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা ঃ জৈন ধর্ম প্রচারক দিগম্বর সাধক শ্রী ১০৮ প্রসন্ন সাগরশ্রী মহারাজ ধুলিয়ানে পদার্পণ করেছেন। তিনি চার মাস এখানে অবস্থান করে জৈন ধর্মের অহিংসার বাণী প্রচার করবেন। এই উপলক্ষে সম্প্রতি এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে জঙ্গিপুর লোকসভার সাংসদ আবুল হাসনাৎ খান, ফরাক্কার বিধায়ক মাইনুল হক এবং ধুলিয়ানের পুরপিতা সওদাগর আলি উপস্থিত ছিলেন। ঐ অনুষ্ঠানে জৈন সাধক তাঁর সুললিত কন্ঠে বলেন—বর্তমান সমাজ ব্যবস্থায় মানুষ হিংসায় লিপ্ত। ধর্ম থেকে তারা ক্রমশঃ দূরে সরে যাচ্ছে। এই পরিস্থিতিতে মানুষকে ধর্মের দিকে আকৃষ্ট করা বিশেষ প্রয়োজন। হিংসা দ্বেষ ত্যাগ করে মানুষকে অহিংসার পথে এগিয়ে যাবার আহ্বান জানান জৈন সাধক।

## শূকরের অত্যাচার বন্ধে ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা ঃ পুর এলাকার কয়েকটি ওয়ার্ডে শূকরের অত্যাচারে মানুষ অতিষ্ঠ। শূকরের দল যেখানে সেখানে রাস্তায় পায়খানা করে, মাটি খুঁড়ে পরিবেশ দূষণ করছে। শূকর থেকে এনকেফেলাইটিশ রোগের প্রাদুর্ভাব ঘটতে পারে বলে অনেকে আশঙ্কা করছেন। শহরের পরিবেশ দূষণ মুক্ত রাখতে গত ৯ সেপ্টেম্বর রঘুনাথগঞ্জের কয়েকজন সচেতন নাগরিক মহকুমা শাসকের কাছে এক ডেপুটেশন দেন। মহকুমা শাসক এ ব্যাপারে পুর কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে তাঁদের আশ্বাস দেন।

### *রাজ্য কমিটির আভ্যন্তরীণ হিসাব পরীক্ষক*

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি সার্কেলের সম্পাদক জয়ন্তকুমার ভট্টাচার্য্য অখিল ভারত প্রাথমিক শিক্ষক সংঘের পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির রাজ্য কমিটির আভ্যন্তরীণ হিসাব পরীক্ষক নির্বাচিত হয়েছেন। কলকাতায় লরেটো স্কুলে সম্প্রতি এই নির্বাচন অনুষ্ঠিত হয়।


### ॥ হোমিও ডাক্তারখানা ॥

কোলকাতার ডাঃ প্রশান্ত ব্যানার্জীর ( ১০/৩/১ এলগিন রোড, কোল ২০ ) সহকারী চিকিৎসক নিচের ঠিকানায় বসছেন ২৬শে সেপ্টেম্বর হইতে।

ডাঃ চন্দ্রশেখর দে, ডি, এম, এস ( ক্যাল )
ইন্দিরাপল্লী, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
প্রতি বৃহস্পতিবার সকাল ৯—১২টা বৈকাল ৩—৫টা
( ম্যাকেঞ্জি পার্ক হইতে বয়েজ হাই স্কুল যেতে রাস্তার ডানদিকের প্রথম গলি। )

### রাজা মার্কেটে ঘর ভাড়া

রঘুনাথগঞ্জ ফুলতলার রাজা মার্কেট-এ একতলা ও দোতলার ঘরগুলো ব্যবসার জন্য ভাড়া দেওয়া হবে। যোগাযোগ করুন—
ফোন ঃ ( ০৩৪৮৩ ) ৬৬৫৬৩
সকাল ৯টা—১২টা, বিকেল ৪টা—৭টা
সরাসরি যোগাযোগ—মডার্ণ হোমিও সেন্টার
রাজা মার্কেট ( দোতলা )

### *বাড়ী বিক্রয়*

জঙ্গীপুর শহরে সদর রাস্তার উপরে ব্লক অফিসের ঠিক সামনে সাড়ে চার শতক জায়গার. উপরে একতলা পাঁচটি ঘর, দু'টি স্যানিটারি পায়খানা, উঠোন, পানীয় জলের ব্যবস্থাসহ বসতবাড়ী ঘরের কিছু আসবাবপত্র সমেত বিক্রি হবে। আগ্রহী ব্যক্তিরা 022-648-7696 এই টেলিফোনে যোগাযোগ করুন।

## তাপবিদ্যুৎ কেন্দ্রের অফিস উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা ঃ প্রস্তাবিত সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের জেলা কার্যালয়ের উদ্বোধন হলো গত ১ সেপ্টেম্বর বহরমপুরে। চুনাপুর চালতিয়ায় অফিস কার্যালয়ের উদ্বোধন করেন সাগরদীঘি পঞ্চায়েত সমিতির সভাপতি আশীষ ব্যানার্জী। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বহরমপুরের বিধায়ক মায়ারাণী পাল, সাগরদীঘির বিধায়ক পরেশ দাস প্রমুখ। রাজ্যের মধ্যে সর্ববৃহৎ দু'হাজার মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জমি অধিগ্রহণের কাজ আগামী ধানের মরশুম চলে যাওয়ার পর শুরু হবে। বিদ্যুৎ কেন্দ্রটি হবে মনিগ্রাম ও খেরুরের মাঝখানে বলে জানা যায়।

## মুর্শিদাবাদ গ্রামীণ উন্নয়ন সমিতির সভা

নিজস্ব সংবাদদাতা ঃ গত ৭ সেপ্টেম্বর বিকেলে রঘুনাথগঞ্জ শহর লাগোয়া আইলের উপর প্রাইমারী স্কুলে মুর্শিদাবাদ গ্রামীণ উন্নয়ন সমিতির দ্বিতীয় প্রকল্প পিছিয়ে পড়া শিশুদের কথা ভেবে জীবন জ্যোতি শিক্ষা কেন্দ্রের এক আলোচনা সভা হয়ে গেল। অনুষ্ঠানে সভাপতি ছিলেন হড়হড়ি হাই স্কুলের শিক্ষক মুরসেলিম সেখ ও প্রধান অতিথি ছিলেন সাংবাদিক ও সাহিত্য চেতনা পত্রিকার সম্পাদক মোঃ আবদুল্লাহ মোল্লা। স্বাগত ভাষণ দেন মুর্শিদাবাদ গ্রামীণ উন্নয়ন সমিতির পরিচালক কেতাবুল সেখ। তিনি বলেন, শিক্ষা, সেবা ও উন্নয়নের ক্ষেত্রে পিছিয়ে পড়া শিশুদের জন্য আমরা কিছু করতে চাই। তার জন্য উপস্থিত ব্যক্তিবর্গের শুভ পরামর্শ পাথেয় হবে। এছাড়া বক্তব্য রাখেন মোঃ আবদুল্লাহ মোল্লা, কেতকীকুমার পাল, অশোক সাহা, কাজী আমিনুল ইসলাম প্রমুখ। শেষে শিশুদের যাদু প্রদর্শনী দেখানো হয়।

**ব্যবসায়ীদের থানা অবরোধ** ( ১ম পৃষ্ঠার পর )

৯ সেপ্টেম্বর রাতেই ওখানকার ব্যবসায়ীরা সমবেতভাবে সামসেরগঞ্জ থানায় বিক্ষোভ দেখান এবং সমাজবিরোধীদের গ্রেপ্তার ও শাস্তির দাবী জানান। পরেরদিন সামসেরগঞ্জ থানার ওসি ফরাক্কা থানার মহাদেবনগর থেকে তিনজন ছিনতাইকারীকে নগদ ৫০০০ টাকা ও দুটি বন্দুক সমেত গ্রেপ্তার করেন। এছাড়া কয়েকজনকে জিজ্ঞাসাবাদের জন্য ধরে নিয়ে আসেন বলে খবর। শেষ খবরে জানা যায়, এ ব্যাপারে পাঁচজন গ্রেপ্তার ও ১৩ হাজার টাকা উদ্ধার হয়েছে।

## সংক্ষিপ্ত দরপত্র বিবরণী

রঘুনাথগঞ্জ-১ নং পঞ্চায়েত সমিতি'র অধীনে গ্রান্ট-ইন-এইড ( আনটায়েড ফান্ড ) এবং একাদশ অর্থ কমিশন প্রকল্পে যথাক্রমে ৭টি এবং ৫টি কাজ সম্পাদনের লক্ষে দরপত্র আহ্বান করা হয়েছে।

| প্রকল্প | নোটিশ নং | দরখাস্ত গ্রহণের শেষ তারিখ |
|---|---|---|
| ক) আনটায়েড ফান্ড | ৫৪২/ই-এন/পি-এস-৯-৯-০২ | ৪-১০-০২ |
| খ) একাদশ অর্থ কমিশন | ৫৪৩/ই-এন/পি-এস-১০-৯-০২ | ৩-১০-০২ |

অন্যান্য বিস্তারিত বিবরণী নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর থেকে জানা যাবে।

নির্বাহী আধিকারিক
রঘুনাথগঞ্জ-১ নং পঞ্চায়েত সমিতি

Memo No. 553/En/P. S. Dt. 18. 9. 02

## স্পন্দনের কৃতি ছাত্র সম্বর্ধনা

নিজস্ব সংবাদদাতা ঃ গত ২৮ আগস্ট 'স্পন্দন' এর পক্ষ থেকে রঘুনাথগঞ্জ-২ ব্লকের মিঠিপুর নিমুবুনিয়াদী বেসিক স্কুল প্রাঙ্গণে এবারের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক ছাত্র ছাত্রীদের স্মারক সম্বর্ধনা অনুষ্ঠান হয়ে গেল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্পন্দনের কর্ণধার গিয়াসুদ্দিন। বিশেষ অতিথি ছিলেন সেকন্দরা হাই স্কুলের প্রধান শিক্ষক তাপস রায় ও গিরিয়া স্কুলের শিক্ষক বিশ্বরঞ্জন সিংহ রায়। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিকের ৫০% এবং স্নাতকের ৪৫% পাওয়া ১৬ জন ছাত্র ছাত্রীকে স্মারক, প্রশংসাপত্র ও একখানা বই দিয়ে সম্বর্ধনা জানানো হয়। 'স্পন্দন' এর এই শুভ প্রচেষ্টা শিক্ষার ক্ষেত্রে ছাত্র ছাত্রীদের মধ্যে উৎসাহ আনবে বলে শিক্ষাব্রতীদের ধারণা।

**বিদ্যুৎ চুরি চলছেই** ( ১ম পৃষ্ঠার পর )

জানা যায়—গ্রাহকদের সাথে গোপন আঁতাত করে বিদ্যুৎ কর্মীদের একটা অংশ শীল ভেঙে মিটারে কারসাজি করে রিডিং কমিয়ে দিয়ে প্রকৃত পাওনা থেকে সরকারকে বঞ্চিত করছে। পড়ে আবার কায়দা করে মিটারে শীল ঝুলিয়ে দিচ্ছে। এ ব্যাপারে বিদ্যুৎ দপ্তরের উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছেন কিছু সচেতন মানুষ।

**দেখার কেউ নেই** ( ১ম পৃষ্ঠার পর )

এর ফলে দুর্ঘটনায় প্রায়ই যাত্রীদের প্রাণহানি ঘটত। সরকার থেকে বাসের ছাদে যাত্রীবহন শাস্তিযোগ্য অপরাধ ঘোষণা করায় এটা এখন বিশেষভাবে কমে গেছে। ট্রেকারে বহন ক্ষমতার অতিরিক্ত যাত্রী নেয়া এবং তাদের মাথায় লোক বহনের ক্ষেত্রে জরুরী ভিত্তিতে নিষেধাজ্ঞা জারীর প্রয়োজন দেখা দিয়েছে।




আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা স্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, তসর ও গরদের ব্লাউজ পিসসহ ছাপা শাড়ী, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান। উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

# বাঘিড়া ননী এণ্ড সন্স

( বিজয় বাঘিড়া, শেষের ঘর )

মির্জাপুর ।। গনকর

ফোন নং ঃ গনকর ৬২০২৯ (এসটিডি ০৩৪৮৩)


দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনন্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।